



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ/১১২৬

তারিখ : ০৩/১০/২০২২

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন, বিষয় কোড, ধর্ম, ছবি পরিবর্তন ও প্রয়োজনীয় তথ্যাদি সংশোধন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। এধরনের শিক্ষার্থীদের আগামী ১০/১০/২০২২ তারিখ হতে ২৫/১০/২০২২ তারিখ পর্যন্ত বিভাগ পরিবর্তন, বিষয় কোড, ধর্ম, লিঙ্গ ও ছবি পরিবর্তনসহ শিক্ষার্থীদের প্রয়োজনীয় সকল তথ্যাদি সংশোধন করার সুযোগ দেয়া হলো। **রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট হবার পর কোন অবস্থায় উক্তরূপ সংশোধন করা যাবে না।**

গত ০৭/১২/২০২১ তারিখের প্রকাশিত বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত পত্র স্মারক নং- ২১০/জেএসসি/এসএসসি/রেজিঃ/ ৮৫৮, তারিখ: ৩১/১১/২০২১ এর অপরাপর শর্ত অপরিবর্তিত থাকবে।

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। বিষয়টি অতীব গুরুত্বের সাথে অনুসরণ/প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ১১২৬(৬)

তারিখ: ০৩/১০/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট জেলা।
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।